বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
কেন্দ্রীয় হিসাব বিভাগ-২।

হিসাব পরিপত্র নং-০৭/২০১৮ তারিখঃ ২৬-০৬-২০১৮খ্রিঃ

বিষয়ঃ এমপ্লয়ীজ সুপারএ্যানুয়েশন ফান্ডের ব্যাংক প্রদত্ত চাঁদা কর্তনের হার পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে কেন্দ্রীয় হিসাব বিভাগ-২ কর্তৃক জারীকৃত হিসাব পরিপত্র নং-০৩/২০১৭ তারিখ-২৮-০৩-২০১৭খ্রিঃ এর প্রতি দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে।

০২। জাতীয় বেতন স্কেল ২০১৫ বাস্তবায়ন এবং ২০১৬-২০১৭ অর্থবছর হতে অবসর গমনকারী কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধির প্রেক্ষিতে প্রদেয় আনুতোষিক, মাসিক পেনশন ও ভাতার পরিমাণ পূর্বের চেয়ে দ্বিগুন হারে বৃদ্ধি পাওয়ায় সুপারএ্যানুয়েশন তহবিলে ব্যাংক প্রদত্ত ৪০% চাঁদার অর্থ দ্বারা চাহিদা পূরণ সম্ভব হচ্ছে না। ফলে ব্যাংক প্রদত্ত চাঁদা কর্তনের হার বৃদ্ধি করার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। বিষয়টি এমপ্লয়ীজ সুপারএ্যানুয়েশন ফান্ডের ট্রাস্টি বোর্ড এর সুপারিশ, ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সুপারিশ এবং ব্যাংক ব্যবস্থাপনার সুপারিশের প্রেক্ষিতে পরিচালনা পর্ষদের ১২-০৬-২০১৮খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৭১২তম সভায় উপস্থাপন করা হয়। সভায় এমপ্লয়ীজ সুপারএ্যানুয়েশন ফান্ড এর ব্যাংক প্রদত্ত চাঁদা কর্তনের হার নিম্নোক্তভাবে পুনঃনির্ধারন করা হয়ঃ

" এমপ্লয়ীজ সুপারএ্যানুয়েশন ফান্ডে ব্যাংক প্রদত্ত চাঁদা ০১-০৪-২০১৮খ্রিঃ তারিখ হতে মূল বেতনের ৫০% হারে কর্তন হবে। "

০৩। এমতাবস্থায়, ০১-০৪-২০১৮খ্রিঃ তারিখ হতে এমপ্লয়ীজ সুপারএ্যানুয়েশন ফান্ডে ব্যাংক প্রদত্ত চাঁদা কর্মকর্তা/কর্মচারীদের মূল বেতনের বিদ্যমান ৪০% এর পরিবর্তে ৫০% হারে কর্তন করতে হবে। এমপ্লয়ীজ সুপারএ্যানুয়েশন ফান্ডের হিসাবায়ন যথারীতি প্রধান কার্যালয় পর্যায়ে কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ কর্তৃক বাস্তবায়িত হবে এবং অত্র বিভাগ হতে জারীকৃত হিসাব পরিপত্র নং-০৩/২০১৭ তারিখ-২৮-০৩-২০১৭খ্রিঃ এর অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।

আপনার বিশ্বস্ত,

(শেখ মাহমুদ কামাল)
মহাব্যবস্থাপক ২৮/০৬/১৮
(আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ)

---

নং-প্রকা/হিঃ২:১৮(এসুত)/২০১৬-২০১৭/ ৪২২৪-(১২৫০) তারিখঃ ঐ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়সমূহ।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মূখ্য কার্যালয়, ঢাকা/ সকল কর্পোরেট শাখা।
০৮। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা। পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ-কে অনুরোধ করা হলো।
০৯। সকল মূখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। সকল শাখা ব্যবস্থাপক (মূখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।
১২। নথি/মহানথি।

(গীতা রানী সাহা)
উপ-মহাব্যবস্থাপক